



রেজিস্ট্রারের কার্যালয়  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/

তারিখ :

**“KUET-88 Club Scholarship Program” এর বৃত্তির**

**বিজ্ঞপ্তি**

অত্র বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ইং শিক্ষাবর্ষে ২য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে (২০২০ থেকে ২০১৮ ব্যাচ) অধ্যয়নরত সকল বিভাগের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “KUET-88 Club Scholarship Program” এর বৃত্তি প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সকল বিভাগের মধ্য থেকে সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফরমে **(যা শিক্ষা শাখা হতে সরবরাহ করা হবে)** ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার ওয়ার্ড কমিশনার কর্তৃক অভিভাবকের আয়ের সনদপত্রসহ এ্যাডভাইজার, হল প্রভোস্ট ও বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদনপত্র আগামী ১৭/০৭/২০২৩ইং তারিখের মধ্যে শিক্ষা শাখায় জমা দেওয়ার জন্য বলা যাচ্ছে।

**শর্ত সমূহ :**

- ০১) প্রার্থীকে অবশ্যই আর্থিকভাবে অসচ্ছল ও মেধাবী ছাত্র/ছাত্রী হতে হবে।
- ০২) প্রার্থীকে অবশ্যই সর্বশেষ গ্রেডশীটের সত্যায়িত কপি এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার ওয়ার্ড কমিশনার কর্তৃক অভিভাবকের আয়ের সনদপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৩) এক বছরের জন্য এই বৃত্তি প্রদান করা হবে, যা সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে (কমপক্ষে জিপিএ ৩.০০) প্রদান করা হবে।
- ০৪) আবেদনকারীর বিরুদ্ধে আইন শৃংখলা পরিপন্থী বা অসামাজিক কোন কাজের সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেলে আবেদনপত্র/বৃত্তি বিনা নোটিশেই বাতিল হবে।
- ০৫) বৃত্তি প্রদানের জন্য অনুমোদিত নীতিমালা অনুযায়ী বৃত্তি বন্টন করা হবে।
- ০৬) প্রতি মাসে বৃত্তির পরিমাণ হবে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা।
- ০৭) বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের “KUET-88 Club Scholarship Program” যাবতীয় আইন কানন মেনে চলতে হবে।

*Arshad Khan*

২৫/০৬/২৩

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)  
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা ৪৫০৬/০৫ তারিখ : ২৫/০৬/২৩

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেওয়া হলোঃ**

- ০১) ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০২) বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর বিভাগের ২য় থেকে ৪র্থ বর্ষের ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ০৩) পরিচালক(গবেষণা ও সম্প্রসারণ) অত্র বিশ্ববিদ্যালয়।
- ০৪) সকল হল প্রভোস্ট, হল সমূহ, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধসহ।
- ০৫) চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
- ০৬) সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০৭) নথি।

*দেবানীষ মন্ডল*  
২৫/০৬/২৩

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়